

সাধারণ সম্পাদকের বিরুদ্ধে প্রশ্ন ফাঁসের অভিযোগ

জবি প্রতিনিধি

০১ জুলাই ২০২৪, ১২:০০ এএম



মেয়াদোত্তীর্ণ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক এসএম আকতার হোসাইনের বিরুদ্ধে মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁসের অভিযোগ উঠেছে। নিজের ফেসবুক মেসেঞ্জারের মাধ্যমে অজ্ঞাত এক ব্যক্তিকে এ প্রশ্নপত্র ও উত্তর দিতে দেখা যায়। প্রশ্ন ফাঁসের মেসেঞ্জারের স্ক্রিন রেকর্ডের ভিডিওসহ সব তথ্য-প্রমাণ এই প্রতিবেদকের হাতে এসেছে।

মেসেঞ্জার রেকর্ডে দেখা যায়, আকতার হোসাইন তার নিজের মেসেঞ্জার থেকে একজনকে মেডিক্যাল ভর্তি পরীক্ষার উত্তরপত্র সরবরাহ করছেন। যিনি উত্তরপত্র নিচ্ছেন তিনি আকতারকে বলছেন, ‘সব দিয়েছেন ভাই?’ জবাবে আকতার বলেন, ‘হ্যা, কাউকে দিয়ো না আবার।’ এরপর স্ক্রিন রেকর্ডে মেসেঞ্জার থেকে তার ফেসবুক প্রোফাইলে ঢুকে আইডির সত্যতাও দেখা গেছে। এদিকে প্রশ্ন ফাঁসের বিষয়টি অনুসন্ধান আকতারের মামাতো ভাই পরিচয়ে মাদারীপুরের কাঁকন মিয়ার একটি অডিও ক্লিপও এ প্রতিবেদকের হাতে

এসেছে।

তবে এসব কর্মকাণ্ডে জড়িত থাকার কথা অস্বীকার করে আকতার বলেছেন, ‘এ অভিযোগ সম্পূর্ণ মিথ্যা ও উদ্দেশ্যপ্রণোদিত।’

জবি ছাত্রলীগের সহ-সভাপতি মিথুন বাউড়ী বলেন, আকতার দীর্ঘদিন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র জালিয়াতি ও অপকর্মের সঙ্গে জড়িত। সাংগঠনিক সম্পাদক আব্দুল রায়হান বলেন, প্রশ্ন ফাঁসের মতো এই গুরুতর অভিযোগে তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থাসহ আইনগত ব্যবস্থা নেওয়া উচিত।

কেন্দ্রীয় ছাত্রলীগের সভাপতি সাদাম হোসাইন বলেন, অনৈতিক ও গঠনতন্ত্রবিরোধী, শিক্ষার্থীদের স্বার্থ ও আদর্শবিরোধী কর্মকাণ্ডে যুক্ত থাকলে অবশ্যই সংগঠন তার বিরুদ্ধে ব্যবস্থা নেবে। সাধারণ সম্পাদক শেখ ওয়ালি আসিফ ইনান বলেন, আমরা যদি কারও বিরুদ্ধে প্রশ্ন ফাঁসের প্রমাণ

পাই, তা হলে সাংগঠনিক ব্যবস্থা নেব।

[প্ৰথম পাতা](#) থেকে আৰও পঢ়ুন